# প্রিমিয়ার সিমেন্ট মিল্‌স লিমিটেড
# ১৫তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

প্রিমিয়ার
সিমেন্ট

এতদ্বারা জানানো যাচ্ছে যে, প্রিমিয়ার সিমেন্ট মিল্‌স লিমিটেড এর ১৫তম বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত বিষয়াদি সম্পাদনকল্পে আগামী ১৪-ই অক্টোবর ২০১৭ ইং তারিখ রোজ শনিবার সকাল ১১:০০ টায় চিটাগং ক্লাব লিমিটেড, এস এস খালেদ রোড, লালখান বাজার, চট্টগ্রামে অনুষ্ঠিত হবে।

## আলোচ্য বিষয়সুচি:

### ১. প্রতিবেদন এবং হিসাব
৩০ জুন ২০১৭ ইং তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত লাভ লোকসান হিসাব ও স্থিতিপত্র এবং সেই সঙ্গে পরিচালকমন্ডলীর ও নিরীক্ষকের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।

### ২. লভ্যাংশ
৩০ জুন ২০১৭ ইং তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানীর পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশকৃত লভ্যাংশ ঘোষণা।

### ৩. পরিচালক নির্বাচন
কোম্পানীর সঙ্ঘবিধি অনুযায়ী পরিচালক নির্বাচন।

### ৪. বিধিবদ্ধ নিরীক্ষক নিয়োগ
৩০ জুন ২০১৮ ইং তারিখে সমাপ্ত বছরের জন্য নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।

বোর্ডের আদেশক্রমে

কাজী মোহাম্মদ সফিকুর রহমান
কোম্পানী সচিব

তারিখ : ২৮ সেপ্টেম্বর, ২০১৭ ইং
স্থান : ঢাকা

নোট:

১. যে সকল শেয়ারহোল্ডারদের নাম রেকর্ড ডেটে অর্থাৎ ২১ সেপ্টেম্বর, ২০১৭ ইং তে সদস্য/ ডিপোসিটরি রেজিস্টারে লিপিবদ্ধ রয়েছে শুধুমাত্র তারাই ১৫তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ ও লভ্যাংশ গ্রহণের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবে।

২. যে সকল সদস্যদের বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের অধিকার রয়েছে, তারা ইচ্ছা করলে তাদের পরিবর্তে ১৫তম বার্ষিক সাধারণ সভায় অন্য কোন ব্যক্তিকে অংশগ্রহণের অনুমতি দিতে পারেন। তবে সেক্ষেত্রে ২০১৬-২০১৭ সালের বার্ষিক প্রতিবেদনের শেষের দিকে সংযুক্ত প্রক্সিফর্ম যথোপযুক্তভাবে পুরণ করে স্বাক্ষর ও স্ট্যাম্পসহ সভা অনুষ্ঠিত হওয়ার নির্ধারিত সময়ের ৪৮ ঘন্টা পূর্বে অবশ্যই কোম্পানীর কর্পোরেট অফিসে জমা দিতে হবে।

৩. শুধুমাত্র শেয়ারহোল্ডারগণ অথবা তাদের মনোনীত প্রক্সিদের সভায় অংশগ্রহণের রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় প্রবেশাধিকার রয়েছে বলে বিবেচিত হবে।

৪. কেবলমাত্র সভার বিজ্ঞপ্তির সাথে প্রেরিত হাজিরা রসিদ/ এ্যাটেনডেন্স স্লিপ জমার প্রেক্ষিতে শেয়ারহোল্ডারদের অথবা প্রক্সিদের অডিটোরিয়ামে প্রবেশের অনুমতি প্রদান করা হবে।

৫. শেয়ারহোল্ডারদের পরিচালকমন্ডলীর প্রতিবেদন ও ৩০ জুন ২০১৭ ইং তারিখে সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের উপরে প্রশ্নাবলীসমূহ বার্ষিক সাধারণ সভার কমপক্ষে ৩ (তিন) দিন পূর্বে কোম্পানীর কর্পোরেট অফিসে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

৬. ৩০ জুন ২০১৭ ইং তারিখে সমাপ্ত বছরের বার্ষিক প্রতিবেদন কোম্পানীর ওয়েবসাইট **www.premiercement.com** এ পাওয়া যাবে।

৭. সংশিষ্ট ব্রোকার হাউজ এবং মার্চেন্ট ব্যাংকের মার্জিন লোন হোল্ডার যাদের রেকর্ড ডেটে প্রিমিয়ার সিমেন্টের শেয়ার রয়েছে তাদের পূর্ণ বিবরনীসহ (শেয়ারহোল্ডারদের নাম, বিও আইডি নাম্বার, ই-টিন নাম্বার, মোট প্রাপ্য লভ্যাংশ, প্রযোজ্য কর হার এবং নীট প্রাপ্য লভ্যাংশ) উক্ত বিষয়ের সাথে সম্পর্কিত ব্যক্তির নাম ও মোবাইল নাম্বার আমাদেরকে সরবরাহের জন্য অনুরোধ করা হল। আমরা ব্রোকার হাউজ এবং মার্চেন্ট ব্যাংকের কাছে আরো অনুরোধ করি যে তারা যেন ২২ শে অক্টোবর ২০১৭ ইং তারিখে অথবা তার পূর্বে তাদের ব্যাংক একাউন্ট নাম, নাম্বার এবং রাউটিং নাম্বার আমাদেরকে প্রদান করে।

৮. সুপারএনুএশন ফান্ড অথবা পেনশন ফান্ড অথবা গ্রাচুইটি ফান্ড অথবা প্রভিডেন্ড ফান্ড অথবা শ্রমিকের মুনাফায় অংশগ্রহণ ফান্ড সংশিষ্ট ট্রাস্টি বোর্ডকে ২২ শে অক্টোবর ২০১৭ ইং তারিখে অথবা তার পূর্বে হালনাগাদ কর রেয়াত সনদ সরবরাহের জন্য অনুরোধ করা হ'ল।

বিশেষ নোট: বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন সার্কুলার নং এসইসি/সিএমআরআরডি/২০০৯-১৯৩/১৫৪ তারিখ ২৪ অক্টোবর ২০১৩ ইং অনুযায়ী আসন্ন ১৫তম বার্ষিক সাধারণসভায় অংশগ্রহণের জন্য শেয়ারহোল্ডাদের কোন প্রকারের বিশেষ সুবিধা, খাবার বা নগদ উপহার দেওয়া হবে না।